

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
www.mof.gov.bd  
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-০৭.১০১.০২০.০৩.০৯.০১৫.২০০৯-৩৫

তারিখ: ১৫/১০/২০১২ খ্রিঃ  
৩০/০৬/১৪১৯ বঃ

প্রেরক: উর্মি তামান্না  
সিনিয়র সহকারী সচিব

প্রাপক: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
অর্থ বিভাগ  
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

বিষয়: দেশীয় বস্ত্র সামগ্রী, হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ, চামড়াজাত দ্রব্য, পাটজাত দ্রব্য, কৃষি পণ্য ও প্রক্রিয়াজাত কৃষি পণ্য, হোগলা, খড়, আখের ছোবড়া দিয়ে তৈরী পণ্য, পেট বোতল-ফ্লেক্স, হাঁড়ের গুড়া, আলু, জাহাজ, হালকা প্রকৌশল পণ্য এবং হালাল মাংস রপ্তানীর বিপরীতে প্রদত্ত নগদ সহায়তা/ভর্তুকি পরিশোধের জন্য বাংলাদেশ ব্যাংকের অনুকূলে অর্থ ছাড়করণের প্রস্তাব প্রসঙ্গে।

সূত্র: গভঃ ১৪১/২০১২-১৮০৯, তারিখ: ১৮.০৯.২০১২খ্রিঃ

মহোদয়,

নির্দেশিত হয়ে অর্থ বিভাগের অধীনে চলতি ২০১২-১৩ অর্থবছরের বাজেটে ৩-০৯৩৩-০০০০-৫৮৩১-পাটজাত দ্রব্যাদি খাতে বরাদ্দকৃত অর্থ হতে দ্বিতীয় কিস্তিতে ৮৭.৫০ কোটি টাকা এবং ৩-০৯৩৩-০০০০-৫৮৩৫-রপ্তানী ভর্তুকি খাতে বরাদ্দকৃত অর্থ হতে দ্বিতীয় কিস্তিতে ৫১২.৫০ কোটি টাকা মোট (৮৭.৫০+৫১২.৫০)=৬০০.০০ (ছয়শত) কোটি টাকা ২য় কিস্তিতে (অক্টোবর-ডিসেম্বর/২০১২ পর্যন্ত) বাংলাদেশ ব্যাংকের অনুকূলে নির্দেশক্রমে ছাড় করা হল। ছাড়কৃত অর্থের ভিত্তিতে মহাহিসাব নিয়ন্ত্রক (সিজিএ) ডেবিট অথরিটি জারী করবে এবং বাণিজ্যিক ব্যাংকসমূহ হতে প্রাপ্ত ভর্তুকি দাবীর বিপরীতে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক সরকারি হিসাব ডেবিট করে রপ্তানী ভর্তুকির অর্থ পরিশোধ করতে পারবে। তবে শর্ত থাকে যে-

- ২য় কিস্তিতে ছাড়কৃত অর্থ দিয়ে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের অনুকূলে খাতভিত্তিক নগদ সহায়তা/ভর্তুকি পরিশোধ করতে হবে;
- দাবী পরিশোধের পর নিরীক্ষায় প্রাপ্য অর্থের চেয়ে বেশী পরিশোধিত হয়েছে মর্মে প্রমাণিত হলে সংশ্লিষ্ট অর্থ আদায়পূর্বক গ্রহীতার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক অর্থ বিভাগকে অবহিত করতে হবে;
- এ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও অনুশাসনাবলী এবং বিভিন্ন খাতে নগদ সহায়তা প্রদানের নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- অর্থ গ্রহীতাকে সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংকের নিকট এ মর্মে অঙ্গীকার (undertaking) প্রদান করতে হবে যে, প্রাপ্যতার অতিরিক্ত অর্থ গ্রহণ বা অন্য কোন অনিয়ম পরবর্তীতে পাওয়া গেলে তাঁর বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে এবং প্রদত্ত অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকবেন;
- চলতি ২০১২-১৩ অর্থবছর শেষে রপ্তানী খাতে নগদ সহায়তা/ভর্তুকি পরিশোধে বিদ্যমান পদ্ধতি এবং এর Impact সম্পর্কে একটি বিস্তারিত মূল্যায়ন প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
- ২য় কিস্তিতে ছাড়কৃত মোট (৮৭.৫০+৫১২.৫০)=৬০০.০০ কোটি টাকার খাতওয়ারী এবং ব্যাংক ওয়ারী বিস্তারিত হিসাব বিবরণী ৩য় কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
- কেবলমাত্র প্রয়োজন অনুযায়ী অর্থ সংযুক্ত তহবিল হতে উত্তোলন করা যাবে; এবং
- নগদ সহায়তা/ভর্তুকি পরিশোধের নিমিত্ত ছাড়কৃত অর্থের স্বচ্ছতা বজায় রাখতে এবং এ অর্থের মধ্যে যাতে কোনো ব্যত্যয় না ঘটে সেদিকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(উর্মি তামান্না)

সিনিয়র সহকারী সচিব

৯৫১৪১৪৬

urmit@finance.gov.bd


(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)

নং-০৭.১০১.০২০.০৩.০৯.০১৫.২০০৯-১০৬

তারিখঃ ১৫/১০/২০১২ খ্রিঃ  
৩০/০৬/১৪১৯ বঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিবিল বা/এ, ঢাকা
- ২। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
- ৫। মহা-পরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬। উপ সচিব, সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ
- ৭। চেয়ারম্যান, বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন, আদমজী কোর্ট, ৫ম তলা, মতিবিল বা/এ, ঢাকা

  
(উম্মি তামান্না)  
সিনিয়র সহকারী সচিব